

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা।

পত্র সংখ্যাঃ ৩৩.০০.০০০০.১০৯.১৯.০১৮.১৬.৪২

তারিখঃ ৩ মাঘ ১৪২৪  
১৬ জানুয়ারি ২০১৮

বিষয়ঃ- পিএইচডি কোর্সের অংশ হিসেবে দূরশিক্ষণের মাধ্যমে অধ্যয়নের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ মৎস্য অধিদপ্তরের ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩৩.০২.০০০০.১০৬.২১.০১৮.১৬.২৯৪ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে মৎস্য অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তা আয়ারল্যান্ডের Dublin Institute of Technology (DIT) এর আওতায় পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্ত বৃত্তি প্রাপ্ত হয়েছেন। উক্ত পিএইচডি কোর্সের অংশ হিসেবে তাঁকে ০২/০১/২০১৮ হতে ০১/৯/২০১৮ তারিখ পর্যন্ত দূরশিক্ষণের মাধ্যমে অধ্যয়নের নিমিত্ত বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

নম্বর	কর্মকর্তার নাম, পদবী ও কর্মস্থল
(১)	জনাব মোঃ আশরাফুল আলম, বায়োকেমিস্ট, মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি, মৎস্য অধিদপ্তর, ঢাকা।

২। শর্তাবলীঃ

- অধ্যয়নজনিত কারণে দাপ্তরিক কাজকর্ম বিলম্বিত করা যাবেনা;
- এ অধ্যয়নের যাবতীয় ব্যয়ভার আয়ারল্যান্ডের Dublin Institute of Technology (DIT) কর্তৃক/ প্রার্থীকে বহন করতে হবে;
- প্রদত্ত অনুমোদনের কারণে পদায়ন পরিবর্তন, সংশোধন বা স্থগিতের উদ্যোগ নেয়া যাবেনা;
- সরকার যে কোন সময় কোন কারণ ব্যতিরেকে এ অনুমতি প্রত্যাহার করতে পারবে।



(মোঃ গোলাম মোস্তফা)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৪০৭।

ই-মেইল: administration-3@mofl.gov.bd

জনাব মোঃ আশরাফুল আলম  
বায়োকেমিস্ট  
মাননিয়ন্ত্রণ ল্যাবরেটরি  
মৎস্য অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। উপসচিব (মৎস্য-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।